


নাগেশ্বরীর তিনি কলেজে শতভাগ ফেল

সংবাদদাতা, নাগেশ্বরী, কুড়িগ্রাম

প্রকাশিত: ১৯:১১, ১৬ অক্টোবর ২০২৫



কুড়িগ্রামের নাগেশ্বরীতে শিক্ষার মান নিয়ে ফের প্রশ্ন উঠেছে। দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এবারের এইচএসসি পরীক্ষায় উপজেলার তিনটি কলেজ থেকে কোনো শিক্ষার্থীই পাস করতে পারেনি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, নাগেশ্বরী
উপজেলার মোট ১৪টি কলেজ থেকে ১ হাজার ৮০৫ জন শিক্ষার্থী এ
বছর এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করেছে
৯৫৭ জন এবং অকৃতকার্য হয়েছে ৮৪৮ জন। ফলে উপজেলার
সার্বিক পাসের হার দাঁড়িয়েছে ৫৩ দশমিক ১০ শতাংশ।

কিন্তু কুটি পয়ড়াডাঙ্গা স্কুল অ্যান্ড কলেজ, ছিলাখানা মডেল কলেজ
এবং সমাজ কল্যাণ মহিলা কলেজে ফলাফল এসেছে ‘শূন্য’। তিন
কলেজের ১০ জন শিক্ষার্থীর সবাই অকৃতকার্য হয়েছে—যার মধ্যে কুটি
পয়ড়াডাঙ্গা স্কুল অ্যান্ড কলেজের ৩ জন (বিজ্ঞান ১, মানবিক ২),
ছিলাখানা মডেল কলেজের ৬ জন এবং সমাজ কল্যাণ মহিলা
কলেজের ১ জন মানবিক বিভাগের শিক্ষার্থী ছিলেন।

কুটি পয়ড়াডাঙ্গা স্কুল অ্যান্ড কলেজ ২০১৩ সালে পাঠদানের অনুমতি
পায়। দীর্ঘদিন ধরে শিক্ষক সংকটে ভুগছে প্রতিষ্ঠানটি। একই চিত্র অন্য
দুই কলেজেও।

এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কামরূল ইসলাম বলেন, উক্ত তিনটি প্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে প্রয়োজনীয় শিক্ষক স্বল্পতা রয়েছে। তারা পাঠদানের অনুমতি নিয়ে কোনোভাবে কার্যক্রম চালিয়ে আসছে। ইতোমধ্যে প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।

শিক্ষা সংশ্লিষ্টরা বলছেন, এ ধরনের ফলাফল শিক্ষার মান ও তদারকির ঘাটতির স্পষ্ট প্রমাণ।